

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমষ্টি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০২.২০২২(অংশ-৪)-৩৭৯

তারিখঃ ১০/০৪/২০২৩ খ্রি:।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি পার্বত্য জেলায় বিভিন্ন পবিত্র ঈদ-উল-ফিতর অনুষ্ঠানের জন্য ব্যয় এবং আপৎকালীন পরিস্থিতি মোকাবেলা করার লক্ষ্যে অর্থ প্রদানের নিমিত্ত ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুকূলে বর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

ক্র. নং	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বরাদ্দের ধরণ	এনআইডি ও মোবাইল নং	টাকার পরিমাণ
১.	চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।	পবিত্র ঈদ-উল-ফিতর অনুষ্ঠানের জন্য ব্যয়	এনআইডি: নাই মোবা: নাই	২০,০০,০০০/-

০২। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৭,৬৫,০০,০০০/- (সাত কোটি পঁয়ষট্টি লক্ষ) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

শর্তসমূহ:

- মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলার মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- জেলা পরিষদ বরাদ্দগ্রহীতাগণের নিকট হতে প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

(আশীষ কুমার সাহা)
উপসচিব
ফোন-৫৫১০০৬৩০

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০২.২০২২(অংশ-৪)-৩৭৯/১(৯)

তারিখঃ ১০/০৪/২০২৩ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- অতিরিক্ত সচিব (সমষ্টি), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- অফিস কপি।

(আশীষ কুমার সাহা)
উপসচিব